R. N. No. 2532/57 Phone No. RGG.112 Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাক্সন সিন্ডিকেট
অফসেটে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

+ মাদ্রাসী ডাক্তারখানা +
মাদ্রাজের ডাঃ এস, এন, রাও
(B. A. M. S.)
আয়ুর্বেদীক ( অর্শ স্পেশালিষ্ট )
আইলের উপর ( ফুলতলা মোড় )
পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)
অর্শ, নালি ঘা, ভগন্দরের গ্যারান্টিসহ চিকিৎসা বিনা অপারেশনে করে থাকি। পাঁচদিনের মধ্যে গ্যাঁজ বাহির করি ও নির্মূল করি। পরীক্ষা প্রার্থনীয় রোগী দেখবার সময় : সকাল ৮টা থেকে ১২টা, বিকেল ৪টা থেকে সন্ধ্যা ৭টা।

৭৪শ বর্ষ. ৩৫শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১২ই মাঘ বুধবার, ১৩৯৪ সাল। ২৭শে জানুয়ারী, ১৯৮৮ সাল।
নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲সডাক

## জল সরবরাহ ব্যবস্থা চালু না হলেও পুরসভাকে বার্ষিক ২ লক্ষ ৪৬ হাজার টাকা গুণাগার দিতে হচ্ছে !

বিশেষ প্রতিবেদক : জঙ্গিপুর পুরসভায় কাজের চেয়ে অকাজ বেশী হয় বলে একটা চলতি ধারণা পুরবাসীদের মনে ঠাঁই নিয়েছে। পুর সদস্য বা কর্মীরা দলাদলিতে যত আনন্দ পান তত আনন্দ তাঁরা কাজ করে পান না। নইলে জল সরবরাহ ব্যবস্থা এত বছর ধরে শেষ হয় না কেন—এ প্রশ্ন সকলের মনে। অবশ্য এর আর একটা কারণ হচ্ছে পুরবাসীদের জলের জন্য কোন হাহাকার করতে হয় না। ভাগীরথীর তীরবর্তী শহর রঘুনাথগঞ্জ আর জঙ্গিপুরে জলের কোন অভাব নেই। তার উপর পুরসভায় পুরাতন ও নূতন টিউবওয়েলের সংখ্যাও প্রায় ৬০০ মত। তবুও আধুনিক যুগের সঙ্গে তাল রাখতে সরকার কলের জল সরবরাহের কর্মসূচী গ্রহণ করেন এবং সেই অনুযায়ী দীর্ঘদিন আগে কাজেও হাত দেওয়া হয়। কিন্তু কাজের কোন মাথামুণ্ড নাই। রঘুনাথগঞ্জ শহরে পাইপ বসানোর কাজ ৫০% মত (৭ম পৃষ্ঠায়)

## সামঞ্জস্যহীন সরকারী আদেশে মহকুমায় কয়লার আকাল

রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর মহকুমার জ্বালানী কয়লার ডিলাররা এক সাক্ষাতকারে আমাদের প্রতিনিধিকে জানান, মহকুমায় জ্বালানী কয়লার অভাবের কারণ সরকারী সামঞ্জস্যহীন এক আদেশ। গত নভেম্বর থেকে এই আদেশের পরিপ্রেক্ষিতে মহকুমার কোটা নির্দিষ্ট হয়েছে মাত্র ৬০০ মেট্রিক টন। যেখানে পূর্বে ছিল ১৬০০ মেট্রিক টন। মহকুমা খাদ্য ও সরবরাহ নিয়ামককে এ ব্যাপারে প্রশ্ন করলে তিনি জানান, গত নভেম্বরে সরকারী আদেশ বলে জেলায় কয়লার কোটা ৫৮০০ মেট্রিকটন থেকে কমিয়ে ৩ ০০ মেট্রিকটন করা হয়। মহকুমা অনুযায়ী এই কোটা জঙ্গিপুরের ক্ষেত্রে ১৬০০ মেট্রিকটন থেকে কমিয়ে ৬০ মেট্রিকটনে আনা হয়েছে। অর্থাৎ জেলার সদর মহকুমা, লালবাগ ও কান্দী তিনটি মহকুমায় মোট কোটা কমান হয়েছে ১৩০০ মেট্রিকটন, সেখানে এক জঙ্গিপুরেই কমান হয় ১০০০ মেট্রিকটন। সদর মহকুমার কোটা ১৮০০ মেট্রিকটনের জায়গায় করা হয় ১৪০০ মেট্রিকটন। মাত্র ৪০০ মেট্রিকটন কম। কিন্তু লোক সংখ্যার ক্ষেত্রে সদর মহকুমার সঙ্গে জঙ্গিপুর মহকুমায় খুব একটা ফারাক হবে না। অপর দুটি মহকুমার ক্ষেত্রেও প্রায় একই হার বজায় থাকে। এই অসামঞ্জস্যপূর্ণ আদেশের বিরুদ্ধে মহকুমা খাদ্য সরবরাহ নিয়ামক নভেম্বর, ডিসেম্বর ও জানুয়ারীতে তিনখানি চিঠি উর্দ্ধতন কর্তৃপক্ষকে লেখেন। কিন্তু তাতে আদেশের কোন পরিবর্তন হয়নি। নিয়মানুযায়ী প্রত্যেক ডিলার তিনমাস অন্তর কয়লা কেনার ডি, ও, পান। মাত্র ৬০০ মেট্রিকটনে এই মহকুমার প্রয়োজন মেটানো কোনভাবেই সম্ভব নয় একথাও কনট্রোলার জানান। যদি সব মহকুমায় সমানভাবে কোটা কমান হতো তবে বড়জোর ৬০০ মেট্রিকটন কম হতো। সেক্ষেত্রে অভাব হলেও আকাল দেখা দিত না। কিন্তু ১০০০ মেট্রিকটন কমে যাওয়ায় কনট্রোলারও আশংকা করেন অবস্থা আয়ত্তে রাখা সম্ভব হবে না। সেকথা তিনি চিঠিতে ডিষ্ট্রীক্ট কনট্রোলারকে জানিয়েও দিয়েছেন। ডিলার এ্যাসোসিয়েশনও এম, এল, এ, এবং এম, পিকে এ ব্যাপারে অবহিত করেছেন বলেও জানা যায়।

## বন্যা বিধ্বস্ত অঞ্চল আর্থিক সাহায্য আজও পায়নি

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ ২নং ব্লকের ৪০টি মৌজা এবারের বন্যায় ভীষণভাবে ক্ষতিগ্রস্ত হয়। ঐ সব মৌজার ৫০% ফসলের এবং প্রায় সমশতাংশ অধিবাসী বাস্তুহারা হয়েছেন বলে সরকারী রিপোর্টে জানান হয়। কিন্তু আজ পর্যন্ত এঁদের পুনর্বাসনের বা ক্ষয় ক্ষতি পূরণের কোন অর্থ সাহায্য এসে পৌঁছয়নি। আমাদের সংবাদদাতা সরকারী নথীপত্র স্বীকৃত ক্ষতিগ্রস্ত গ্রামগুলির নাম সংগ্রহ করেছেন। সেগুলি হলো গিরিয়া, বাঙ্গাহাড়ি, চরসেকেন্দ্রা, লালখাঁনদিয়ার, গিরিয়া কিসমত, সেকেন্দ্রা, মিঠিপুর, পানানগর মুকুন্দপুর, বড়শিমূল, জোতসুন্দর, পিরোজপুর, বিনোদদীঘি, হীরাকাঠি, দয়ারামপুর, বাজিতপুর, ইন্দ্রনারায়ণপুর, ( ৭ম পৃষ্ঠায়)

## কাষ্টমস্ অফিসার ক্ষমা চাইলেন

ধুলিয়ান : ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে ধুলিয়ান জঙ্গিপুর মহকুমার প্রাণকেন্দ্র। দীর্ঘ কয়েক বছর ধরে জলপথে বাংলাদেশে গোপনে মাল পাচার হওয়ার কারণে কাষ্টমস অফিসাররা এখানে ঘন ঘন হানা দেন। কিন্তু চোরাচালান অবাধে চলে। সম্প্রতি চোরাচালানকারীদের সঙ্গে গোপন আঁতাতের সময় স্থানীয় একটি ক্লাবের ছেলেরা জনৈক কাষ্টমস অফিসারকে হাতেনাতে ধরে ফেলেন। পরে প্রকাশ্যে ক্ষমা চাইলে ও ভবিষ্যতে চোরাচালানকারীদের সঙ্গে গাঁটছড়া বাঁধবেন না প্রতিশ্রুতি দিলে তাঁকে ছেড়ে দেওয়া হয়। আরও প্রকাশ, জনগণের সহযোগিতা পেলে ক্লাব সদস্যরা চোরাচালান রুখতে বদ্ধপরিকর।

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ


# জঙ্গিপুর সংবাদ

১২ই মাঘ বুধবার ১৩৯৪ সাল


## প্রজাতন্ত্র দিবস ও সীমান্ত গান্ধী

২৬ জানুয়ারী, ভারতের সাধারণতন্ত্র দিবস। বস্তুতঃ সাধারণতন্ত্র দিবস বিশেষ তাৎপর্যবাহী। ১৯৫০ সালের এই দিনটিতে সংবিধান চালু হয় এবং ভারতের প্রতি নাগরিককে অধিকার প্রদানের অঙ্গীকারের কথা ঘোষণা করা হয়। প্রতিটি নাগরিক রাষ্ট্রপরিচালনার জন্য ভোটাধিকার লাভ করিয়াছে। তাই ভারতের শাসন ব্যাপারে ভারতের জনগণের একটি বিশিষ্ট ভূমিকা আছে। তাহা ছাড়া নাগরিকদের কর্ত্তব্যও এই উপলক্ষে ঘোষিত হয়। পূর্বে এই ২৬ জানুয়ারী স্বাধীনতা দিবসরূপে উদ্‌যাপিত হইত। তখন ইংরাজ শাসনের বিরুদ্ধে আন্দোলনের যুগ। স্বাধীনতা প্রাপ্তির পর এই দিনটিকে সাধারণতন্ত্র দিবসরূপে ঘোষণা করা এবং উদ্‌যাপন করা খুবই যুক্তিযুক্ত হইয়াছে। পরম পরিতাপের কথা: বিচ্ছিন্নতাবাদ আজ মাথা চাড়া দিয়াছে ভারতের বিভিন্ন অঞ্চলে। এই ইঙ্গিত লইয়া আমরা ১৯৮৩ সালে আমাদের পত্রিকায় আলোচনা করিয়াছিলাম। আজ তাহার রূঢ় বাস্তবরূপ দেখা যাইতেছে পাঞ্জাবে, দার্জিলিং অঞ্চল প্রভৃতি স্থানে। পাঞ্জাবে উগ্রপন্থীদের হাতে প্রতিনিয়ত প্রাণ হারাইতেছেন এক বা একাধিক জন। গোর্খাল্যাণ্ড লইয়া কিছু মানুষ ভারতকে যেন চ্যালেঞ্জ দিয়াছে।

ভারতের অভ্যন্তরে থাকিয়া ভারতেরই ক্ষতিসাধনের হীন প্রয়াস। অথচ তাহার উপযুক্ত মোকাবিলা করিবার সেই দৃঢ় হস্ত কোথায়? তাই শুধু অনুষ্ঠানাদি করিয়া এই দিনটি উদ্‌যাপন করিলেই চলিবে না। ভারতের প্রতিটি নাগরিককে নিজ নিজ কর্তব্য সম্বন্ধে সজাগ ও সচেতন থাকিতে হইবে। যে সব অশুভ শক্তি দেশের পক্ষে ক্ষতিকারক; তাহার বিরুদ্ধে সকলকে রুখিয়া দাঁড়াইতে হইবে। দেশের মধ্যে বিচ্ছিন্নতাবাদের অশুভ মনোবৃত্তি ও ক্রিয়াকলাপকে উৎখাত করিতে হইবে। সংহত কর্মশক্তি দিয়া দেশের শক্তিবৃদ্ধি করিবার প্রয়োজন আসিয়াছে। যে সব বহিঃশক্তি ভারতকে দুর্বল করিতে চেষ্টিত, তাহার বিরুদ্ধে দলমত নির্বিশেষে দাঁড়াইতে হইবে। প্রতিটি মানুষকে আজ মনে রাখিতে হইবে যে, ক্ষুদ্র আত্মস্বার্থবোধ অপেক্ষা দেশ বড়।

এই বৎসর সাধারণতন্ত্র দিবসের প্রাক্কালে একজন মহান আত্মস্বার্থহীন সংগ্রামী পুরুষ চলিয়া গেলেন। আমরা এক অতি নিষ্ঠাবান স্বাধীনতা সংগ্রামীকে হারাইলাম। সীমান্ত গান্ধী খান আবদুল গফফর খান গত ২০শে জানুয়ারী শেষ নিঃশ্বাস ত্যাগ করিয়াছেন। পাখতুন নেতার এই মৃত্যু শুধু তাঁহাদেরই নয়, ভারত উপমহাদেশের প্রত্যেকের কাছেই চরম বেদনাদায়ক। তাঁহার বিদায়ে শোকমুহ্যমান ভারত পাঁচদিনব্যাপী রাষ্ট্রীয় শোক পালন করিয়াছে। সীমান্ত গান্ধী ছিলেন অহিংস নীতির সমর্থক। অহিংসার ভিত্তিতেই ছিল তাঁহার স্বাধীনতা সংগ্রাম। দীর্ঘ তিন প্রজন্ম ধরিয়া তিনি তাঁহার সংগ্রামী কর্মধারার মধ্য দিয়া সকলের ভক্তি ও শ্রদ্ধা অর্জন করিয়াছিলেন। পাঠানদের অধিকার প্রতিষ্ঠার লড়াইয়ে তিনি তাঁহার জীবনের প্রায় এক তৃতীয়াংশ সময় কারাবাস করেন। পেশওয়ার জেলার একটি গ্রাম্য মোড়ল পরিবারে সীমান্ত গান্ধীর জন্ম হয়। আলিগড় হইতে উচ্চশিক্ষা শেষে তিনি নিজ ভূমিতে শিক্ষা বিস্তারের কাজে আত্মনিয়োগ করেন। সঙ্গে সঙ্গে ইংরাজদের বিরুদ্ধে আন্দোলনেও তিনি সামিল হন। কিন্তু ইংরাজের রোষবহ্নি এড়াইতে তিনিও পারেন নাই। তাই বারংবার তাঁহার ভাগ্যে ঘটিল কারাবাস। পাকিস্তান সরকারের কারাগৃহেও তিনি ১৫ বছর কাটান। সীমান্ত গান্ধী বা বাদশা খান তাঁহার পাখতুন সম্প্রদায়ের জন্যে সারা জীবনই সংগ্রাম করেন এবং বহু কষ্টভোগ করেন। তথাপি তিনি তাঁহার নীতি হইতে কোনদিন সরিয়া আসেন নাই। ভারত বিভাগের মধ্য দিয়া স্বাধীনতা অর্জনের ঘোর বিরোধী ছিলেন তিনি। তবু ভারত বিভক্ত হইলে পাখতুনদিগকে ফেলিয়া রাখিয়া নিজ ইষ্টসাধনে তিনি ভারতে চলিয়া আসেন নাই। বরং তাহাদের অধিকার আদায়ের জন্য সংগ্রামে অবতীর্ণ হন এবং বহুবিধ দুঃখ বরণ করেন। বহু প্রলোভনে তাঁহাকে পড়িতে হইয়াছিল। ব্যক্তিগত উন্নতির সম্ভাবনা সত্ত্বেও তিনি মুসলিম লীগে যোগদানের আহ্বানকে উপেক্ষা করিয়াছিলেন। স্বাধীনতা সংগ্রামে তিনি আত্মনিয়োগ করিয়াছিলেন একটি ধর্মনিরপেক্ষ অখণ্ড স্বাধীন ভারতরাষ্ট্র লাভের আদর্শে উদ্বুদ্ধ হইয়া। ভারতপ্রেম যেন তাঁহার সহজাত ছিল। পরবর্তীকালে ভারত বিভাগ যখন তৎকালীন রাজনৈতিক নেতৃবৃন্দ মানিয়া লইলেন, তখন তিনি চরম আঘাত পাইলেও তাঁহার প্রাণপ্রিয় জনগোষ্ঠী পাখতুনদের তিনি বিস্মৃত হইলেন না। বরং নূতনভাবে পাকিস্তান সরকারের সহিত তিনি সংগ্রামে নিযুক্ত হইলেন। এমন অবস্থাতেও তিনি ভারতের মৃত্তিকা, ভারতের জলহাওয়াকে নিতান্তই আপন জ্ঞান করিতেন। তাই চিকিৎসার জন্য ভারত ছাড়া আর কোনও স্থানকেই তিনি বরণীয় মনে করেন নাই। বহুবিধ দুঃখভোগ সত্ত্বেও বর্ষীয়ান এই প্রবাদপুরুষ আপন দৃঢ়তাকে কোনদিনই বিসর্জন দেন নাই। নিজ আদর্শ ও সংকল্পে তিনি আজীবন অটুট ছিলেন। আজিকার রাজনৈতিক ধান্দাবাজির দিনে, আত্মস্বার্থ-সন্ধানের সর্বব্যাপী মানসিকতার মধ্যে সীমান্ত গান্ধী ছিলেন এক প্রচণ্ড প্রতিবাদের উজ্জ্বল আলোক বর্তিকা। আমরা এই মহান্ দেশপ্রেমিকের পবিত্র আত্মার প্রতি শ্রদ্ধাঞ্জলি অর্পণ করিতেছি।

### গ্রামে গ্রামে গরু চুরি অব্যাহত

সাগরদীঘি: গরু চুরি সীমান্ত অঞ্চলের নিত্য নৈমিত্তিক ঘটনা। যতদূর জানা যায়, এ পারের গরু ওপারে (বাংলাদেশে) পাচার হয়ে প্রচুর দামে বিক্রি হয়। ফলে গরু চুরি বেড়েই চলেছে লাভজনক ব্যবসার কারণে। পুলিশ প্রশাসনও চোখ বুজে আছে। গ্রামবাসীদের অভিযোগ অপহরণকারীদের সাথে পুলিশের গোপন লেনদেন থাকার ফলে চোরাকারবারীরা এতো বেপরোয়া। গত ২৩ ডিসেম্বর মনিগ্রামের হবা রাজমল্লের বাড়ী থেকে গরু চুরি হয়। তারপর ঠিক দু'দিন পর ২৫ ডিসেম্বর ইন্দাপাড়ার শ্যামাপদ মণ্ডলের এক জোড়া বলদ চুরি যায়। সেই রাতেই বলরামবাটীর শংকর মণ্ডলের ঘর থেকে বাসনপত্র চুরি যায়। কোন ক্ষেত্রেই চোর ধরা পড়েনি। এতে গ্রামবাসীদের অভিযোগের সত্যতাই প্রমাণ করে।

### যুবতী খুন

ধুলিয়ান: গত ২৩ ডিসেম্বর সন্ধ্যের পর থেকে সমসেরগঞ্জ থানার ভবানাবাটী গ্রামের এরফান সেখের ১৫।১৬ বছরের মেয়ে মাসিদা নিখোঁজ হয়। খবরে প্রকাশ, ঘটনার দিন সন্ধ্যায় বিড়ি বাঁধার সময় হঠাৎ সে বাড়ী থেকে বেরিয়ে যায়। তারপর আর বাড়ী ফেরেনি। ২৫ ডিসেম্বর থানায় অভিযোগ লিপিবদ্ধ করা হয়। পরে ৭ জানুয়ারী এরফান সেখের বাড়ীর পিছনের ডোবা থেকে মাসিদার গলিত মৃতদেহ উদ্ধার করা হয়। তার শরীরের বিভিন্ন স্থানে আঘাতের চিহ্ন দেখা যায়। পুলিশের সন্দেহ একাধিক লোক এর উপর শারীরিক অত্যাচার চালিয়ে খুন করেছে। এ ব্যাপারে তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে।

### এ্যাফিডেবিট

আমি হাসিমুদ্দিন বিশ্বাস পিতা গিয়াসুদ্দিন সেখ ওরফে বিশ্বাস সাং পোঃ খোদারামপুর থানা রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ বয়স ৩৬ বছর। গত ১৪ জানুয়ারী, ১৯৮৮ জঙ্গিপুর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কোর্টে এফিডেবিট বলে আমার ওয়ারিসগণসহ আমার পিতামাতার যাবতীয় সম্পত্তির উপর সকলপ্রকার দাবী ত্যাগ করিলাম।

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

## Farakka Super Thermal Power Project

P. O. NABARUN ; 742 36 ; DIST : MURSHIDABAD (W. B.)

REQUIRES PERSONNEL IN THE FOLLOWING CATEGORIES FOR FARAKKA SUPER THERMAL POWER PROJECT

| Sl. No. | Post & Scale of Pay | Qualification | Experience | Age limit | Approx. No. of vacancy |
|---|---|---|---|---|---|
| 1. | Jr. Supervisor (Public Relations) Rs. 750-30-900-35-1250/- | Graduate (with at least 2nd class) and Post Graduate Diploma in Public Relations/Journalism. | One year experience of co-ordinating with Newspaper and other allied agencies, should have experience of editing news magazines, brochures etc. Persons with published work in Paper/Journals of repute and possessing a good personality shall be preferred. | 30 yrs. | 1 No. SC—1 |
| 2. | Jr. Supervisor (Vigilance) Rs. 750-30-900-35-1250/- | Graduate, preferably with a degree in Law | One year experience in Supervisory capacity in collecting information/data of subversive activities and also with reference to conduct of vigilance investigation. | 30 yrs. | 1 No. Gen—1 |
| 3. | Jr. Instructor Rs. 750-30 900-35 1250/- | Diploma in Mechanical/Elec./Instrumentation Engineering. | Should have 2 (two) yrs. experience in Teaching and taking practical classes in miscellaneous ITI Trades. | 30 yrs. | 3 Nos. SC—1 ST—1 Gen—1 |
| | | OR | OR | OR | |
| | | ITI with ITI Instructor Certificate | 12 (twelve) years working experience in workshop out of which 4 (four) years should be as instructor. | 35 yrs. | |
| 4. | Jr. Supervisor (Safety) Rs. 750-30-900-35-1250/- | Diploma in Engineering. | Should have 2 (two) years field experience of organising safety drives and implementing safety measures against fire/explosion/short circuits or any other type of accidents in a reputed organisation preferably in a power plant. | 35 yrs. | 1 No. Gen—1 |
| 5. | Technician Gr. 1 (Radiographer) Rs. 750-25-875-30-1205/- | B. Sc. with Physics and course in Radiography conducted by BARC or equivalent. | Should have 5 (five) yrs. experience in carrying out Radiography work of various metals/equipment including structural steel, tubes, pipes and other machine parts, welded joints of pressure and non-pressure parts during Fabrication/Erection and O & M stage preferably in a power plant. Candidates should be well conversant with various techniques of Radiography as well as | 35 yrs. | 1 No. Gen—1 |

(Contd. 4 page)

After 3rd page

| Sl. No. | Post & Scale of Pay | Qualification | Experience | Age limit | Approx. No. of vacancy |
|---|---|---|---|---|---|
| | | | processing knowledge of other NDT tests shall be an added advantage. | | |
| | | OR | OR | OR | |
| | | Diploma in Engineering and course in Radiography conducted by BARC or equivalent | 2 (two) years experience as above | 30 yrs. | |
| 6. | Operator Gr. IV Rs. 620-20-920/- | Class VIII pass with valid licence of Heavy Vehicle. | Should have 3 (three)yrs. experience in Driving/Operating and carrying out repairs and routine preventive maintenance of Dozer. Dumper and pay Loader etc. | 35 yrs. | 4 Nos. SC—1 ST—1 Gen—2 |
| 7. | Assistant Gr. IV (Library) Rs. 620-20-920/- | Graduate and Certificate in Library Sciene. | Nil | 30 yrs. | 2 Nos. ST—1 Gen—1 |
| | | OR | OR | OR | |
| | | H. S. (10+2) and Certificate in Library Science. | 2 (two) yrs. working experience in a Library of an academic Institute or any other organisation of repute. | 30 yrs. | |
| 8. | Sanitary Inspector Rs. 620-20-920/- | Matric with Diploma in Sanitary Inspection/ Public Health | Should 3 (three) yrs. experience in supervising Sanitary works pertaining to underground sewerage line maintenance of water supply lines overhead and underground water tanks in a Municipal Corporation or any other good Organisation. | 25 yrs. | 1 No. Gen—1 |
| 9. | Technician Gr. IV Rs. 620-20-920/- | ITI in Electronics Trade | Should have 3 (three) yrs. practical experience in trouble shooting in Wireless communication/Electronic system/PLCC system. Experience in IC Technology would be an added advantage. | 30 yrs. | No. Gen—1 |
| 10. | Assistant Gr. IV (Wireless) Rs. 620-20-920/- | Graduate and Certificate in Wireless operation or Services Certificate from Armed Forces. | Should have 6 (six) months experience. Proficiency in Mores Code and Operation of Wireless set in an organisation of repute preferably in P & T or in Armed Forces is essential. Experience of sending and receiving messages through Telex/Teleprinting machines will be an added advantage. | 30 yrs. | 3 Nos. SC—1 ST—1 Gen—1 |
| | | OR | OR | OR | |
| | | Matric and Certificate in Wireless. | Should have 4 (four) yrs. experience in the area as above. | 30 yrs. | |

(Contd. 4 page)

After 3rd Page

| Sl. No. | Post & Scale of Pay | Qualification | Experience | Age limit | Approx. No. of vacancy |
|---|---|---|---|---|---|
| | | Operation or Services Certificate from Armed Forces. | | | |
| 11. | Steno-Typist Rs. 620-20-920/- | Higher Secondary with a speed of 80 w. p. m. in shorthand and 40 w. p. m. in typing in English. | Nil | 25 yrs. | 9 Nos SC—4 ST—3 Gen—2 |
| | | OR | OR | OR | |
| | | Matric with a speed of 80 w. p. m. in Shorthand and 40 w. p. m. in typing in English. | 1 (One) year experience as Steno-Typist in a good Organisation. | 25 yrs. | |
| 12. | Jr. Draughtsman Rs. 600-16-840/- | ITI in Draughtsman trade | Nil | 25 yrs. | 5 Nos. SC—1 ST—1 Gen—3 |
| 13 | Jr. Technician (Telephone Mechanic) Rs. 600-16-840/- | Matric and 3 (three) months' course from ITI/P & T | Should have 1 (One) year experience of repairing and maintaining Telephone Board/Exchange preferably in P & T. | 25 yrs. | 3 Nos. SC—1 ST—1 Gen—1 |
| | | OR | OR | OR | |
| | | Class VIII pass | Should have 5 (five) years experience of repairing and maintaining telephone sets and telephone Board/Exchange preferably in P & T. | 30 yrs. | |
| 14. | Jr. Operator (Print Room) Rs. 600-16-840/- | Matric | Should have 2 (two) yrs. experience in operating Duplicating, Ammonia Printing, Photocopier/Xeroxing, Automatic Electric Stencil cutting, Paper Collater and Jogger Machines, Bradma and other machines; | 25 yrs. | 2 Nos. SC—1 Gen—1 |
| | | OR | OR | OR | |
| | | ITI Printing | Nil | 25 yrs. | |

APPLICABLE TO SC/ST CANDIDATES ONLY

1. Age limit relaxable by five years ; 2. No. Postal Order is necessary provided a copy of Caste Certificate issued by Competent Authority is enclosed. 3. Experience is relaxable by one year where stipulated experience is three years to five years and by two years where stipulated experience is six years and above. 4. Reservation of posts exists as per Govt. Directives.

[ Contd. 6 page ]

After : 5th Page

GENERAL CONDISIONS

1. T. A. will be paid to outstation candidates called for interview as per Company's rules ; 2 The Management reserves the right to rise the minimum eligibility standards in order to restrict the number of candidates to be called for interview, if so required ; 3. Those who have been interviewed for a similar post in NTPC within the last one year need not apply ; 4. Candidates wishing to be considered for more than one post should apply seperately for each post ; 5. Candidates should possess three years' experience in the next lower scale or equivalent responsibility out of the specified total experience requirement wherever such experience requirement is three years' or more, 6. Management reserves the right to increase or decrease the number of vacancies, 7 Reservation for EXSM & physically handicapped persons exists as per Government directives, 8. Relaxation in uper age limit upto a maximum of 6 yrs. shall be admissible to all candidates who have ordinarily resided in the State of Assam during the period from 1. 1. 1980 to 15. 8. 1985. However, necessary certificate to this effect has to be submitted issued by the District Magistrate within whose jurisdiction the candidate concerned ordinarily resided, 9. General candidates may be considered in case suitable candidates from SC/ST community are not available, whenever applicable, 10. No interim correspondence will be entertained, 11. Canvassing in any form will be treated as disqualification.

REMUNERATION (BASIC + ADHOC RLF + D. A. (VARIABLE)

| | Total Emoluments | |
|---|---|---|
| | Minimum | Maximum |
| 1. For sl. no. 1,2,3,4 | Rs. 1466. 15 | Rs. 2256. 15 |
| 2. For sl. no. 5 | Rs. 1466. 15 | Rs. 2221. 15 |
| 3. For sl. no. 6,7,8,9,10,11 | Rs. 1286. 15 | Rs. 1666. 15 |
| 4. For sl. no. 12,13,14 | Rs. 1266. 15 | Rs. 1566. 15 |

(**The pay scales are under revision)

Besides the above, there are attractive allowance and perquisites like HRA/Residential Accommodation, Group Insurance, CPF, Gratuity, Free Medical Facility, Leave Travel Concession, Leave Encashment, Transport Subsidy, Special Compensatory Allowance, Tea Reimbursement etc.

HOW TO APPLY

Application neatly typed on plain white paper alongwith one recent passport size photograph and a crossed Indian Postal Order (to be purchased after the date of publication of advertisement) for Rs. 5/- (not refundable) payable to NTPC/FSTPP at the post office at Khejuriaghat, Malda with name and post applied for indicated on reverse of both IPO and photograph alongwith copies of all certificates/testimonials strictly as per the format given hereunder should reach the Sr. Personnel Officer (R), Farakka Supar Thermal Power Project, P. O, Nabarun-742 236, Dist. Murshidabad (WEST BENGAL).

APPLICATION FORMAT

1. Post applied for, (2) Advertisement No. (with name of the Newspaper), (3) Name of the candidate, (4) Father's name, (5) Date of birth (with attested copy of the relevent documents), (6, State of Domicile, (7) Address for communication with PIN CODE NO., (8) If belongs to SC/ST/EXSM/Land Oustee/Physically Handicapped (certificate from competent authority in support of the claim to be enclosed), (9) Academic & professional qualifications, Exam. passed, name of the Institution/University, Year of passing and percentage of marks obtained (with attested copies). Candidates who apply for the post of Steno-Typist must indicate their shorthand and typewriting speed, supported by certificates, (10) Experience : Name & Address of Employer, Designation, Nature of work, period of Employment, basic pay and allowances drawn (with attested copy of certificate), (11) Professional achievement and membership of any institution, (12) Extra curricular activities, (13) Last application sent/Interview attended in NTPC (including the post applied for and scale) (14) Signature of applicant.

Application sent without postal order or without copies of certificates or not sent as per above format are likely to be rejected.

The cover of application must be superscribed with the post sl. no. & name of the post applied for.

Last date for receipt of application on or before 15. 2. 1988.

Advt. No. FS/Pers/Rect/2-87

## আবাসনদান বর্ষ বিফলে গেল

জঙ্গিপুর : ১৯৮৭ আর্থিক বৎসর গৃহহীনদের গৃহ ব্যবস্থা করার জন্য 'আবাসন বর্ষ' হিসাবে চিহ্নিত করা হয়। কিন্তু বছর শেষ হলেও বড়জুমলার সরকারী খাস জমির বাসিন্দারা কোন দখলী পাট্টা পেলেন না। বাংলাদেশ মুক্তি সংগ্রামের সময় বাস্তুহারা বেশ কিছু ছিন্নমূল পরিবার এই সরকারী খাস জমিতে বসবাস করতে শুরু করেন। তাঁদের প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল এই জমির দখলীস্বত্ব তাঁদের মধ্যে বণ্টন করা হবে। কিন্তু এক দশকের পর আবাসন বর্ষেও তাঁদের সে আশা পূরণ হ'ল না।

## আজও পায়নি

(১ম পৃষ্ঠার পর)

কানাইমাটি, নাড়ুখাকি, জোত বিশ্বনাথ, বহরা, খামরা, শিবপুর, চরগেঠা, কলইনটী, কাজীমাটি, ডুবরা, পুঁঠিয়া, কৃষ্ণশাইল, তেঘরী, চর কুতুবপুর, রামপুরা, রঘুনাথপুর, মহম্মদপুর, বীরেন্দ্রনগর, জোতকমল, ওসমানপুর, সাহাজাদপুর ও দোনালিয়া। এই সমস্ত গ্রামের মানুষ অর্দ্ধাহারে বা অনাহারে পরিবার পরিজন নিয়ে অসহনীয় অবস্থায় দিন কাটাচ্ছেন। বার বার ব্লক অফিসের দরজায় গিয়ে ঘুরে মরছেন।

## গুণাগার দিতে হচ্ছে

(১ম পৃষ্ঠার পর)

শেষ হয়েছে। ২নং জোনে কাজই শুরু হয়নি। জঙ্গিপুর শহরে পাইপ বসানোর কাজ ৯০ শতাংশ শেষ হয়েছে। সেখানে জল ট্যাঙ্কের কাজ অর্দ্ধ সমাপ্ত হয়ে পড়ে আছে। রঘুনাথগঞ্জে ট্যাঙ্কের কাজ প্রায় শেষ বলে জানা গেছে। পুর কর্তাদের অভিমত, সরকারের পাবলিক হেলথ বিভাগের পরিচালনায় এই কাজ হচ্ছে। কেন কাজের এই গতি এবং কেনই বা কাজ এখন বন্ধ রয়েছে সে সম্বন্ধে নাকি কোন কিছুই উক্ত বিভাগ পুরসভাকে জানাননি। কিন্তু প্রশ্ন, তাই যদি হয় তবে পুরসভা জল সরবরাহের জন্য লাইফ ইন্সিওরেন্স করপোরেশনের কাছ থেকে ৪০ লক্ষ টাকা ঋণ নিয়ে অযথা বার্ষিক ২ লক্ষ ৪৬ হাজার টাকা সুদ গুণগার দিতে বাধ্য হচ্ছেন কেন? জনগণের টাকা এভাবে নয়ছয় করার ব্যাপারে তাঁরা সজাগ হয়ে পাবলিক হেলথ বিভাগের কাছে কারণ জানতে চান না কেন? কয়েক বছরের সুদের এই বিপুল পরিমাণ অর্থ দিয়ে সমগ্র পুরসভায় কি নলকূপের বন্যা বয়ে দেওয়া যেত না? সরকারের এই দীর্ঘসূত্রতা জনগণের কষ্ট ভোগের কারণ একথা সত্য হলেও পুর কর্তৃপক্ষও তাঁদের নিশ্চেষ্টতা অস্বীকার করে পার পেয়ে যেতে পারেন না। যতদূর জানা যায় বর্তমান পুরপতি বামমনোভাব সম্পন্ন কমিশনারদের দ্বারা পরিচালিত হচ্ছেন। সে ক্ষেত্রে বামপন্থী কমিশনাররাই বা নিশ্চুপ কেন? তাঁরা তো এ ব্যাপারে সরকারের কাছে চাপ সৃষ্টি করতে পারেন


### বাড়ী বিক্রয়

জঙ্গিপুর বাবুবাজারে সদর রাস্তার সন্নিকটে নয় শতক জায়গার উপর বাসের উপযোগী দ্বিতল বাড়ী বিক্রয় আছে। যোগাযোগের ঠিকানা—

নিখিলের চিমনির ভাটা
পিয়ারাপুর ও জঙ্গিপুর সংবাদ



### বিশেষ বিজ্ঞপ্তি

## বিবেকানন্দ বিদ্যানিকেতন

### ইংরাজী মাধ্যম বিদ্যালয় ॥ স্থাপিত ১৯৭৭

১৯৮৮ শিক্ষাবর্ষে শিশু ভর্তির জন্য ফর্ম দেওয়া হচ্ছে। নার্শারী, প্রিপারেটরী ও কেজি ক্লাসে তিন হতে ছয় বছরের শিশুদের ভর্তি করা চলে। ষ্ট্যাণ্ডার্ড ওয়ান হতে ফাইভে ভর্তি হতে হলে এ্যাডমিসন টেষ্ট দিতে হয়। যোগাযোগ করুন।

### যোগাযোগের ঠিকানা

১। জোতকমল জুঃ হাই স্কুল
গ্রাম জোতকমল, পোঃ জঙ্গিপুর

২। ম্যাকেঞ্জী পার্ক ফ্রিঃ প্রাঃ স্কুল
পোঃ রঘুনাথগঞ্জ

সময় : সকাল ৭টা হইতে ৯টা পর্যান্ত।

১৬ ডিসেম্বর হতে রঘুনাথগঞ্জ শাখায় ভর্তি শুরু হয়েছে।

১-১২-৮৭ ভারপ্রাপ্ত শিক্ষক


## বাসে ডাকাতি

ধুলিয়ান : গত ২১ জানুয়ারী গভীর রাত্রে কলকাতাগামী একটি লাক্সারী বাসে ডাকাতি হয়। প্রকাশ, ঐ বাসে মালদা থেকে ৭-৮ জন দুর্বৃত্ত যাত্রীদের সঙ্গে উঠে। বাসটি ধুলিয়ান ডাকবাংলোর কাছাকাছি তারাপুর মাঠের কাছে এলে ওরা ড্রাইভারকে বাধা দেয় ও বাস থামিয়ে নগদ প্রায় দু'হাজার টাকা, কয়েকটি হাত ঘড়ি ছিনিয়ে নিয়ে পালিয়ে যায়। ড্রাইভার আহত হয়। সামসেরগঞ্জ থানার পুলিশ পরদিন ফরাক্কা থানার নতুন মমরেজপুর বস্তিতে হানা দিয়ে কুখ্যাত সমাজবিরোধী আবুল সেখ ও পাটু সেখসহ চারজনকে গ্রেপ্তার করে। তাদের কাছ থেকে ছিনতাই করা কয়েকটি ঘড়ি ও একটি পাইপ গান পুলিশ উদ্ধার করে। দুর্বৃত্তরা পুলিশকে লক্ষ করে কয়েক রাউণ্ড গুলিও চালায় বলে জানা যায়!

## মিছিল ও গণডেপুটেশন

রঘুনাথগঞ্জ : সম্প্রতি বন্যা ও অতিবৃষ্টিজনিত কারণে ক্ষতিগ্রস্ত তাঁত শ্রমিকদের এক বিরাট মিছিল বিভিন্ন দাবীদাওয়ার ভিত্তিতে শহর পরিক্রমা করে। তাদের দাবীগুলির মধ্যে অন্যতম ছিল দুঃস্থ তাঁত শ্রমিকদের মধ্যে ক্ষয়রাতি সাহায্য বণ্টন, ব্যবসায়িক ঋণ দান, ও তাঁত যন্ত্রাদির স্বল্পমূল্যে সরবরাহ। তারা আরোও দাবী করে যে সুতোর দামবৃদ্ধি রোধ করে ন্যায্যমূল্যে প্রতিটি শিল্পীকে সুতো সরবরাহ করতে হবে এবং তাদের উৎপন্ন দ্রব্য ভরতুকী দিয়ে সরকারকেই কিনে নিয়ে বিক্রি করতে হবে। আর, এস, পি, পরিচালিত জঙ্গিপুর তাঁত শিল্পী ইউনিয়নের এই মিছিলে প্রায় সাতশত শ্রমিক যোগ দেন। মিছিল পরিচালনা করেন ইউনিয়নের সম্পাদক পশুপতি চক্রবর্ত্তী, মফেজ আলি, মাজেদ সেখ, বেলাল সেখ প্রভৃতি নেতৃবৃন্দ। নেতৃবৃন্দ এ ব্যাপারে রঘুনাথগঞ্জ ১নং ব্লক আধিকারিক ও জঙ্গিপুর পুরসভার পৌরপতির সঙ্গে আলোচনা করেন ও ডেপুটেশন দেন।

## ত্রাণের অনুদানে দলবাজির অভিযোগ

ধুলিয়ান : বিগত বন্যায় ক্ষতিগ্রস্তদের গৃহ নির্মাণ বাবদ অনুদান দেবার দাবিতে স্থানীয় আর, এস, পি, দল সম্প্রতি সামসেরগঞ্জের বিডিও-র কাছে ডেপুটেশন দেন। তাঁদের চাপেই হোক আর সরকারী দাক্ষিণ্যেই হোক সামসেরগঞ্জ ব্লক থেকে মোটা টাকা অনুদান দেওয়া হয় বলে খবর। কিন্তু স্থানীয় মানুষের অভিযোগ, অনুদানের ক্ষেত্রে কর্তৃপক্ষ দলবাজি করেছেন এবং বেশির ভাগ ক্ষেত্রেই সি, পি, এমের নির্দেশমত সাহায্য বিলি হয়েছে। সংবাদে প্রকাশ, চাচণ্ড গ্রাম পঞ্চায়েতের অধীন উক্ত গ্রামের জনৈক প্রভাবশালী ব্যক্তির পাকা বাড়ীর তেমন কিছু ক্ষতি না হলেও তিনি তাঁর নিজ নামে ও আত্মীয়স্বজনদের নামে তিন হাজার টাকা আদায় করেছেন। অন্য দিকে যাঁরা ঘর বাড়ী হারিয়ে এখনও পথে বসে আছেন তাঁদের বাড়ীঘর নির্মাণের কোন ব্যবস্থা হয়নি।

## আবার ১৪৪ ধারা জারী হলো

বহরমপুর : মুর্শিদাবাদ জেলা শাসকের বিশেষ আদেশ বলে ভারত-বাংলাদেশ সীমান্তে গত ১ ডিসেম্বর থেকে ১৪৪ ধারা জারী হয়েছে। এই ধারা মতে সীমান্তে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি ও গবাদি পশুর চোরাচালান বন্ধের এবং শান্তি শৃঙ্খলা ভঙ্গের আশংকায় সীমান্তের ৮ কিমি মধ্যে সন্ধ্যা ৬টা থেকে সকাল ৬টা পর্যান্ত নিষেধাজ্ঞা ঘোষিত হয়েছে। নির্দিষ্ট সময় ঐ অঞ্চলে টেম্পো, মোটরকার, ট্রাকী, রিক্সা, ঠেলাগাড়ী বা পশুচালিত গাড়ী চলাচল করা নিষিদ্ধ হয়েছে। অবশ্য জাতীয় সড়কে বা বহরমপুর জঙ্গিপুর রাস্তায় যাতায়াতকারী লাইসেন্স বাস সারভিস মৎস্যজীবীদের মৎস্য চাষের সরঞ্জাম ও ড্রাগ লাইসেন্সপ্রাপ্ত ওষুধের দোকানের ওষুধ পরিবহনের গাড়ীগুলি এর আওতায় পড়বে না। অন্য কোন যানবাহন চলাচলের প্রয়োজন হলে লিখিতভাবে প্রশাসনিক অনুমতি নিতে হবে।

# আবোলতাবোল

**॥ অবাক জলপান ॥**

স্থানীয় কলেজে নবীন অধ্যাপক আসিয়াছেন। এই শহরে প্রথম আগমন। কলেজের শিক্ষককক্ষে প্রবেশ করিয়া তৃষ্ণার্ত চক্ষে বেয়ারার দিকে চাহিলেন, 'এক গ্লাস....' পূর্ণ গেলাস বেয়ারাটি নবাগতের দিকে বাড়াইয়া ধরিতেই তিনি শশব্যস্ত হইয়া কহিলেন, 'না, না। সরবতের কী দরকার? ওসব পরে হবে। লম্বা বাসজার্নি করে এলুম, আপাততঃ এক গ্লাস প্লেন জল ভাই!' জনৈক সহকর্মী মন্তব্য করিলেন, 'মশায়, যেখানে এসেছেন—চৌবাচ্চা বোঝাই এই সরবতে আপাদমস্তক চুবিয়ে স্নান করলেও কোন অসুবিধে নেই।'

সত্যই এই শহরের টিউবওয়েলের জল ঘন্টা দুয়েক রাখিয়া দিলে লৌহঘটিত হাইড্রক্সাইডের কল্যাণে এমন মনোমুগ্ধকর হালকা বাদামী বর্ণ প্রলম্বনের রূপ ধারণ করে, না দেখিলে বিশ্বাস হয় না। এই লৌহঘটিত যৌগটি আমাশয়ের উৎপাদক অ্যামিবার পক্ষে একটি পুষ্টিদায়ক খাদ্য। উপরন্তু অ্যামিবারা ইহার প্রাপ্তিযোগে কিলবিল করিয়া নাচিয়া বাড়িয়া উঠিতেছে। ফলস্বরূপ অফিস-কাছারিতে, বাসে-ট্রেনে, সিনেমা হলে কিংবা ইন্টারভিউ বোর্ডে উত্তর দিবার মুখে কখন যে কুন-কুন করিয়া তলচাপ দেখা দিবে বলিতে পারা যায় না। বাঙালির টিপিক্যাল স্বাস্থ্যের নমুনা এই মহকুমার অধিবাসী। মহকুমার আমের সুদিন গিয়াছে। ঝড়ে বা ফাগুনের অকাল বর্ষণে কিংবা চৈত্রের খরতাপে মুকুলে-গুটিতেই সব ঝরিয়া পুড়িয়া যাইতেছে। ইদানিং সেই সব আম 'বারোমেসে' রূপ ধারণ করিয়া মহকুমাবাসীর উদরে আশ্রয় লইয়াছে। ঔষধের দোকানে 'এন্টারোকুইনল' এর বিক্রয় সকলকে ছাপাইয়া গিয়াছে। শহরের দুই পাড়ে দুইটি বিশাল জলাধার নির্মিত হইয়াছে। পানীয় জল সরবরাহের আশায় থাকিতে থাকিতে প্রশ্ন জাগিতেছে—সেথান হইতেও পৌর প্রতিষ্ঠানের অশেষ কৃপায় সরবৎ সাপ্লাই হইবে না তো?

এতদঞ্চলের পানীয় জলভীতি সম্পর্কিত একটি গল্প বলিয়া শেষ করি। মহকুমার একটি জনসেবী প্রতিষ্ঠানের এক সাহেব সুদূর য়ুরোপ হইতে কার্যাদি পরিদর্শনের জন্য এখানে আসিয়াছিলেন। এই মহকুমার (তথা সারা বাংলায়) পানীয় জল সম্পর্কে তাঁহার দেশের ডেপুটি হাইকমিশন এমন ধারণা সৃষ্টি করিয়াছিল, ঐ সাহেব অত্যন্ত আতঙ্কগ্রস্ত হইয়া এই শহরে পা দিলেন। নতুন কল হইতে টাটকা জল আনানো হইল। উহাকে নামী কোম্পানীর ফিল্টার ক্যাণ্ডেলে পরিশ্রুত করা হইল। লৌহ গেল, কিন্তু ব্যাক্‌টিরিয়া? অতঃপর ঐ জলকে এক ঘন্টা উচ্চচাপে ফুটানো হইল। জীবাণু ধ্বংসের গ্যারান্টি না থাকায় উহাকে গ্লাস পিছু (এক ফোঁটার বদলে) দুই ফোঁটা জিওলিন-২০০ ফেলিয়া পাঁচ মিনিটের স্থলে দশ মিনিট সাহেব রাখিয়া দিতেন। অতঃপর প্রতিবারই কি যেন ভাবিতে ভাবিতে গেলাস তুলিয়া পান করিবার পূর্বে ফ্রিজ হইতে বিয়ারের বোতল খুলিয়া ঢকঢক শব্দে গলায় ঢালিয়া তৃষ্ণা নিবারণ করিতেন। —রতন দাস

## পুলিশ দিয়ে পুজো

জঙ্গিপুর: স্থানীয় কলেজে সরস্বতী পুজোকে কেন্দ্র করে দুই ছাত্র সংগঠনের সংঘর্ষ এড়াতে কলেজ কর্তৃপক্ষ পুজো মণ্ডপে পুলিশের ব্যবস্থা করায় স্থানীয় শিক্ষানুরাগীরা ব্যথিত। প্রকাশ, ছাত্র সংসদের কার্যকালের মেয়াদ শেষ হওয়ায় এবং নতুন সংসদ কার্যাভার না পাওয়ায় এস এফ আই সরস্বতী পুজো পরিচালনার দাবী জানালে ছাত্র পরিষদ বাধা দেয়। বর্তমানে ছাত্র সংসদ ছাত্র পরিষদের দখলে। সম্প্রতি নির্বাচনে ছাত্র পরিষদ ৫৯, এস এফ আই ৩৭ এবং এ ডি পি ১ আসন পায়।


## ড্রাইভার আবশ্যক

ফিয়েট প্রাইভেট কার চালানোর জন্য একজন অভিজ্ঞ ড্রাইভার প্রয়োজন। বিজ্ঞাপন প্রকাশের ১০ দিনের মধ্যে যোগাযোগ করুন।

মলয় বিড়ি কোং লিঃ
মিঞা পুর

যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে!
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের
VIP সেন্টারে
এজেন্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

ভারতের বিভিন্ন প্রদেশ থেকে সযত্নে সংগৃহীত সর্বপ্রথম বিপুল সমাবেশ

ধন্নালাল মোহনলাল জৈন
জৈন কলোনী, পোঃ ধুলিয়ান
জেলা মুর্শিদাবাদ, ফোন ধুলিয়ান ৫

জঙ্গিপুর মহকুমায় এই প্রথম VIMAL এর সার্টিং, সুটিং ও শাড়ীর রিটেল কাউন্টার এবং জেলার যে কোন বস্ত্র প্রতিষ্ঠান অপেক্ষা অনেক কম মূল্যে সব রকম বস্ত্র সংগ্রহের জন্য আপনাদের সাদর আমন্ত্রণ জানাচ্ছি।

ফ্রি সেলে নন লেভি এ সি সি
সিমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে
আমরা সরবরাহ করে থাকি
কোম্পানীর অনুমোদিত ডিলার

ইউনাইটেড ট্রেডিং কোং
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন জঙ্গিঃ ২৫, রঘুঃ ১৬৬

বিয়ের মরশুমে প্রিয়জনকে শ্রেষ্ঠ উপহার একটি ষ্টীল আলমারী দেওয়ার কথা নিশ্চয়ই ভাবছেন। আসুন, "সেনগুপ্ত ফার্ণিচার হাউসে" আপনার পছন্দমত জিনিষটি দেখে নিন। প্রতিটি জিনিষেই পাবেন বিক্রয়োত্তর সেবা।

সেনগুপ্ত ফার্ণিচার হাউস
রঘুনাথগঞ্জ (সদরঘাট) মুর্শিদাবাদ

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন অ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী





রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে
অজতম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।